# সেপ্টেম্বর/২০২৫ মাসের জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মাদ জহিরুল ইসলাম<br>জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ১১.০৯.২০২৫ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা-১১.০০ ঘটিকা |

উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। আলোচনা ও সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় এবং উপস্থিত সদস্যবৃন্দের আপত্তি না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আলোচ্যসূচি-১<br>ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করার জন্য প্রয়োজনীয় প্রচার প্রচারণা, সভা, সেমিনার ও কর্মশালা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ভোক্তা অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে এ জেলার হাট-বাজার ও বিভিন্ন জনবহুল স্থানে প্রচার প্রচারণা করা এবং গণমাধ্যম কর্মীদের মাধ্যমে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/জেলা কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা/সভাপতি, শিল্প ও বণিক সমিতি/ সভাপতি, জেলা দোকান মালিক সমিতি, চুয়াডাঙ্গা। |
| আলোচ্যসূচি-২<br>ক) পাইকারী ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ বিভিন্ন পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারকি ও পরিবীক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর আওতায় আগস্ট/২০২৫ মাসে ০৩টি মোবাইল কোর্টের মাধ্যমে ০৫টি মামলায় ০৫ জনকে ৩৬,৫০০/- অর্থদন্ড প্রদান করা হয়।<br>খ) ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক কর্তৃক আগস্ট/২০২৫ মাসে ০১টি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয় এবং লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়। এছাড়া মোট ০৭টি তদারকিমূলক অভিযানের মাধ্যমে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিভিন্ন ধারা লঙ্ঘনের অপরাধে ১৪টি প্রতিষ্ঠানকে মোট ৩,৫৪,০০০/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার টাকা মাত্র) প্রশাসনিক ব্যবস্থায় জরিমানা আরোপ করা হয়। | ক) পাইকারী ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ বিভিন্ন পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম তদারকি ও পরিবীক্ষণ করতে হবে। দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য বাজার মনিটরিং জোরদার করাসহ মোবাইল কোর্ট/অভিযানের সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>খ) সাপ্তাহিক হাটের দিন বাজার মনিটরিং জোরদার করাসহ মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা/উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)/ জেলা কৃষি বিপণনকর্মকর্তা, চুয়াডাঙ্গা/সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা। |
| আলোচ্যসূচি-৩<br>বাজারে সরবরাহকৃত যে সমস্ত প্যাকেটজাত দ্রব্যের প্যাকেটে সর্বোচ্চ খুচরা মূল্য লেখা নেই(বিশেষত আটা, ময়দা, চিনির বস্তায়) সেসব প্যাকেটে খুচরা মূল্য লেখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া দোকানে বিভিন্ন দ্রব্যাদির মূল্য তালিকা টাঙানোর বিষয়ে আলোচনা করা হয়। | বাজারে সরবরাহকৃত যে সমস্ত প্যাকেটজাত দ্রব্যের প্যাকেটে সর্বোচ্চ খুচরা মূল্য এবং উৎপাদনের তারিখ ও স্থান এবং মেয়াদোত্তীর্ণের তারিখ ইত্যাদি লেখা নেই সেগুলো বাজারে বা দোকানে না রাখার বিষয়ে ব্যবসায়ীদের সতর্ক করার এবং দোকানে বিভিন্ন দ্রব্যাদির মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টাঙানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পণ্যের গুণগতমান নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), চুয়াডাঙ্গা/ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), চুয়াডাঙ্গা/ জেলা কৃষি বিপণন কর্মকর্তা, চুয়াডাঙ্গা/ সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা/ সভাপতি, শিল্প ও বণিক সমিতি/ সভাপতি, জেলা দোকান মালিক সমিতি, চুয়াডাঙ্গা। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৪<br>বিবিধ আলোচনা | ক) অনুনোমোদিত বেসরকারি ক্লিনিক ও ডায়গনস্টিক সেন্টার গুলোর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিভিল সার্জন, চুয়াডাঙ্গা, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা/উপজেলা নির্বাহী অফিসার (সকল),চুয়াডাঙ্গা/সহকারী পরিচালক,ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা |
| | খ) বেসরকারি ক্লিনিক ও ডায়গনস্টিক সেন্টার গুলোতে রোগীর রোগ নির্ণয় করার জন্য ব্যবহৃত রিয়েজেন্টের মেয়াদ, ফায়ার এক্সিটিংগুইশারের মেয়াদ ও ব্লাড সংরক্ষণের ব্যবস্থা পর্যবেক্ষণের জন্য সিভিল সার্জন, চুয়াডাঙ্গাকে অনুরোধ করা হয়। | |
| | গ) যেসকল পন্যে বিএসটিআই এর লোগো নাই সেসকল পন্যের বিক্রেতার বিরুদ্ধে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করার জন্য সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও জেলা কৃষি বিপণন কর্মকর্তার প্রতি দোকান মালিক সমিতি থেকে অনুরোধ জানানো হয়। | সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও জেলা কৃষি বিপণন কর্মকর্তা। |
| | ঘ) ভেজাল সার বিক্রেতার বিরুদ্ধে জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট উপজেলার উপজেলা কৃষি অফিসারের সমন্বয়ে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা/উপজেলা নির্বাহী অফিসার (সকল),চুয়াডাঙ্গা/উপজেলা কৃষি অফিসার (সকল), চুয়াডাঙ্গা। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি, চুয়াডাঙ্গা
dcchuadanga@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮০০.০০০.১০৩.০৬.০০৪.২৫- ৭১২

তারিখঃ ১৪ আশ্বিন ১৪৩২
২৯ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১-কারওয়ান বাজার (টিসিবি ভবন,৮ম তলা),ঢাকা।
০৪। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
০৫। সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
০৬। প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ দামুড়হুদা/ জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। জনাব ________________ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা।
০৯। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা।
১০। জেলা কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, চুয়াডাঙ্গা
১১। জেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা। (জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে কার্যবিবরণীটি আপলোডের অনুরোধসহ)
১২। নিরাপদ খাদ্য কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
১৩। স্যানিটারী ইন্সপেক্টর, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।
১৪। সভাপতি/সম্পাদক, জেলা শিল্প ও বনিক সমিতি, চুয়াডাঙ্গা।
১৫। সভাপতি/সম্পাদক, জেলা দোকান মালিক সমিতি, চুয়াডাঙ্গা।

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা